

শমিত মন্ডল

ধর্মমঙ্গলের দেশে

আকাশের নীচে আজহেমন্ত-দুপুরে  
 আলোভরা ধানখেত হলুদবরণ  
 উঁচু টিপি, কবেকারভাঙা রাজবাড়ি  
 নিচু খিলানের কাছে বাস্তুসাপঘুমিয়ে রয়েছে।  
 লাউসেন-কালুডোম- অতীতেরবীরগাথা ভূমিতে -বাতাসে।  
 রাঢ়ভূমি, ধর্মমঙ্গলের দেশেশস্য, শ্রমগান  
 মানুষের, দীপ্তশ্রমে ভরে ওঠেগোলাভরা ধান।

ওই দিব্য সুর  
 বাঁশিটি রয়েছে একাদেওয়ালে টাঙানো  
 বাঁশিওয়ালা চলে গেছেআকাশের দেশে  
 তবু স্বপ্নে হানা দেয় এই দিব্য সুর।  
 গোয়ালন্দ ইস্টিমারতারপাশা ঘাট  
 রয়ানী গানের সাথে ওই বাঁশি- যেন  
 গানের আসরে ভাসে বেহুলারভেলা।  
 স্বপ্ন ঘিরে বেঁচেথাকে ভাঙাচোরা মানুষ জীবন।

